যুগান্তর

তারিখ 12 OCT 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৮




খাদিজার ওপর হামলার প্রতিবাদে সুজানগরে স্বজনদের মানববন্ধন

# খাদিজার ওপর হামলার প্রতিবাদে স্বজনদের মানববন্ধন

**সুজানগর :** সুজানগরে সিলেটের কলেজছাত্রী খাদিজা আক্তার নার্গিসের ওপর হামলার প্রতিবাদ ও হামলাকারীর শাস্তির দাবিতে মানববন্ধন করেছে স্বজন সমাবেশ ও স্কুল-কলেজের শিক্ষার্থীরা। এ উপলক্ষে রোববার ঢাকা-পাবনা মহাসড়কের দুলাইতে এই মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। দুলাই স্কুল শাখার সভানেত্রী সুরাইয়া ইফফাত ইমুর নেতৃত্বে মানববন্ধন কর্মসূচিতে খাদিজার ওপর বর্বর হামলার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে হামলাকারীর দৃষ্টান্তমূলন শাস্তির দাবি জানিয়েছেন স্বজন সমাবেশের সদস্য এবং স্কুল ও কলেজের শিক্ষার্থীরা।

**সালাহ উদ্দিন আহমেদ**

**লৌহজং :** সিলেট সরকারি মহিলা কলেজের ছাত্রী খাদিজা বেগমকে কুপিয়ে আহত করার প্রতিবাদে ও বদরুলের বিচারের দাবিতে মুন্সিগঞ্জের লৌহজংয়ে যুগান্তর স্বজন সমাবেশের উদ্যোগে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সোমবার মানববন্ধন শেষে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ ভবন অডিটোরিয়ামে প্রতিবাদ সভায় যুগান্তর স্বজন সমাবেশ লৌহজং উপজেলা শাখার সভাপতি মো. আবুল বাসার খানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোহাম্মদ মোস্তফা কামালের পরিচালনায় প্রতিবাদ সভায় বক্তব্য দেন লৌহজং উপজেলা স্বজন সমাবেশের উপদেষ্টা ও মুক্তিযোদ্ধা সংসদের ডেপুটি কমান্ডার মো. মহিউদ্দিন বাবুল মুন্সি, স্বজন উপদেষ্টা আলহাজ তোপাজ্জল হোসেন শেখ, আলহাজ ফারুক শিকদার, স্বজন সহ-সভাপতি প্রভাষক সালমা আক্তার, মোহাম্মদ নোমান মিয়া, মো. সাইফুর রহমান, ডা. রবিউল ইসলাম, স্বজন উপদেষ্টা মোহাম্মদ কামরুজ্জামান, মো. বিল্লাল হোসেন হাওলাদার, স্বজন সাংগঠনিক সম্পাদক মো. মজনু মীর্জা, স্বজন যুগ্ম-সম্পাদক বিপ্লব চন্দ্র পাল, স্বজন কার্যনির্বাহী সদস্য মনোজ কুমার সিংহ অমিত, স্বজন মো. শামিম হাওলাদার, মো. মিঠুন মোড়ল প্রমুখ।

**সাইদুর রহমান টুটুল**